# 2023

# GEOGRAPHY

**Time—Three Hours Fifteen Minutes**

*(First **FIFTEEN** minutes for reading the question paper only)*

**Full Marks — 90**

(For Regular and Sightless Regular Candidates)

**Full Marks — 100**

(For External and Sightless External Candidates)

*Special credit will be given for answers which are brief and to the point.*

*Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

[**'ক'** বিভাগ থেকে **'চ'**বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন **নিয়মিত** ও **বহিরাগত** সব পরীক্ষার্থীদের জন্য এবং **'ছ'** বিভাগে প্রদত্ত প্রশ্ন **শুধুমাত্র বহিরাগত** পরীক্ষার্থীদের জন্য]

**'ক'** বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক, অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়। **'চ'** বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে। অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে।

## বিভাগ — 'ক'

১। বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ $১×১৪=১৪$

১.১ যে প্রক্রিয়ায় অসমতল বন্ধুরভূমি অপসারিত হয়ে সমতল বা প্রায় সমতলে পরিণত হয় তাকে বলে —

(ক) নগ্নীভবন (খ) আরোহন

(গ) পর্যায়ন (ঘ) অবরোহন

১.২ মরুভূমিতে বায়ু দ্বারা বালুকণা উত্থিত এবং অপসারিত হয় যে প্রক্রিয়ার সাহায্যে তা হলো —

(ক) অপসারণ (খ) অবঘর্ষ

(গ) ঘর্ষন (ঘ) লম্ফদান

১.৩ সমুদ্রপৃষ্ঠে বায়ুর গড় চাপ হলো —

(ক) ১০১২.২ মিলিবার (খ) ১০১৩.২ মিলিবার

(গ) ১০১৪.২ মিলিবার (ঘ) ১০১৫.২ মিলিবার

১.৪ নিরক্ষীয় জলবায়ু অঞ্চলে বৃষ্টিপাত ঘটে —

(ক) গ্রীষ্মকালে (খ) বসন্তকালে

(গ) শীতকালে (ঘ) সারাবছরব্যাপী

১.৫ এল নিনোর প্রভাব দেখা যায় —

(ক) আটলান্টিক মহাসাগর (খ) ভারত মহাসাগর

(গ) প্রশান্ত মহাসাগর (ঘ) উত্তর মহাসাগর

১.৬ কোন স্থানের মুখ্য জোয়ার এবং গৌণ জোয়ারের মধ্যে সময়ের পার্থক্য হলো —

(ক) ১২ ঘন্টা (খ) ১২ ঘন্টা ২৬ মিনিট

(গ) ২৪ ঘন্টা (ঘ) ২৪ ঘন্টা ৫২ মিনিট

১.৭ নিম্নলিখিতগুলির মধ্যে বিষাক্ত বর্জ্য হলো —

(ক) পারদ (খ) কৃষিজমির বর্জ্য

(গ) সেলুলোজ (ঘ) রান্নাঘরের বর্জ্য

১.৮ বর্তমানে ভারতের অঙ্গরাজ্যের মোট সংখ্যা হলো —

(ক) ৩০ টি (খ) ২৯ টি

(গ) ২৮ টি (ঘ) ২৭ টি

১.৯ ভারতের সর্বোচ্চ মালভূমি হলো —

(ক) মালবের মালভূমি (খ) মেঘালয় মালভূমি

(গ) তেলেঙ্গানা মালভূমি (ঘ) লাডাক মালভূমি

১.১০ গঙ্গানদীর সাথে যমুনা নদীর সঙ্গম নিম্নলিখিত স্থানে অবস্থিত —

(ক) কানপুর (খ) এলাহাবাদ

(গ) দেবপ্রয়াগ (ঘ) বারাণসী

১.১১ পশ্চিমি ঝঞ্ঝার প্রভাবে বৃষ্টিপাত সংঘটিত হয় যে অঞ্চলে তা হলো —

(ক) জম্মু ও কাশ্মীর (খ) তামিলনাড়ু

(গ) কেরল (ঘ) মেঘালয়

১.১২ ভারতে কফি উৎপাদনে প্রথম স্থানাধিকারী রাজ্যটি হলো —

(ক) কেরল (খ) তামিলনাড়ু

(গ) কর্ণাটক (ঘ) অন্ধ্রপ্রদেশ

১.১৩ ভারতে বেসরকারী উদ্যোগের বৃহত্তম লৌহ-ইস্পাত কারখানা হলো —

(ক) দুর্গাপুর স্টিল প্ল্যান্ট (খ) ভিলাই স্টিল প্ল্যান্ট

(গ) সালেম স্টিল প্ল্যান্ট (ঘ) টাটা আয়রন ও স্টিল প্ল্যান্ট

১.১৪ $74\frac{M}{7}$ মানচিত্রের সংখ্যাসূচক স্কেল হলো —

(ক) 1 : 10,000 (খ) 1 : 25,000

(গ) 1 : 50,000 (ঘ) 1 : 1,00,000

## বিভাগ - 'খ'

২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো (যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.১.১ মেরুঅঞ্চলে হিমরেখার উচ্চতা শূন্য মিটার।

২.১.২ আন্টার্কটিকা অঞ্চলে ওজোন গহ্বর দেখা যায়।

২.১.৩ চিনুক ফ্রান্সের মধ্য দিয়ে প্রবাহিত একটি উষ্ণ বায়ু।

২.১.৪ সূর্য ও চন্দ্র যখন পৃথিবীর সাথে এক সমকোণে থাকে তখন সিজিগি হয়।

২.১.৫ দূষিত বাতাসকে স্ক্র্যাবারের সাহায্যে পরিশ্রুত করা হয়।

২.১.৬ ভারতে বৃষ্টির জল সংরক্ষণে অগ্রণী রাজ্য হলো কেরল।

২.১.৭ উপগ্রহ চিত্র ব্যাখ্যার জন্য কম্পিউটারের ব্যবহার আবশ্যিক।

২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.২.১ ফানেল আকৃতির চওড়া নদী মোহনাকে ________ বলে।

২.২.২ বালি দ্বারা গঠিত মরুভূমি সাহারায় ________ নামে পরিচিত।

২.২.৩ বায়ুপ্রবাহের গতিবেগ নির্ণয় করা হয় ________ যন্ত্রের সাহায্যে।

২.২.৪ ________ স্রোত সমুদ্রতলের উপরিভাগ দিয়ে প্রবাহিত হয়।

২.২.৫ মালাবার উপকূলের উপহ্রদগুলিকে স্থানীয় ভাষায় ________ বলে।

২.২.৬ জোয়ার বাজরা রাগি প্রভৃতি ফসলকে একসাথে ________ বলে।

২.২.৭ ভারতে মহাকাশ গবেষণা সংস্থাটি ________ স্থানে অবস্থিত।

২.৩ **একটি** বা **দুটি** শব্দে উত্তর দাও (যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও) ঃ ১×৬=৬

২.৩.১ মরুভূমিতে যে শুষ্ক নদী উপত্যকা দেখা যায় তার নাম লেখো।

২.৩.২ সম্পৃক্ত বায়ুর আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ উল্লেখ করো।

২.৩.৩ একটি পৃথিবীবিখ্যাত সামুদ্রিক মগ্নচড়ার নাম লেখো।

২.৩.৪ একটি জৈব ভঙ্গুর বর্জ্যের উদাহরণ দাও।

২.৩.৫ গাঙ্গেয় সমভূমির নবীন পলিমাটিকে কি বলে?

২.৩.৬ ভারতের কোন রাজ্য চা উৎপাদনে প্রথম স্থান অধিকার করে?

২.৩.৭ ২০১১ খ্রিষ্টাব্দের জনগণনা অনুসারে ভারতের সাক্ষরতার হার কতো?

২.৩.৮ ভারতের কোন্ সংস্থা ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্র প্রস্তুত করে?

২.৪ বামদিকের সঙ্গে ডানদিকের গুলি মিলিয়ে লেখো ঃ ১×৪=৪

| | বামদিক | | ডানদিক |
|---|---|---|---|
| ২.৪.১ | কালবৈশাখী | ১. | বেঙ্গালুরু |
| ২.৪.২ | আরাবল্লি পর্বত | ২. | লক্ষ্ণৌ |
| ২.৪.৩ | সিলিকন ভ্যালি | ৩. | পশ্চিমবঙ্গ |
| ২.৪.৪ | ইক্ষু গবেষণা কেন্দ্র | ৪. | রাজস্থান |

## বিভাগ — 'গ'

৩। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ ২×৬=১২

৩.১ জলবিভাজিকার সংজ্ঞা দাও।

**অথবা**

ইনসেলবার্জ কাকে বলে?

৩.২ নিরপেক্ষ আর্দ্রতা বলতে কি বোঝো ?

**অথবা**

হিমপ্রাচীরের সংজ্ঞা দাও।

৩.৩ বর্জ্যের পুনর্নবীকরণের সংজ্ঞা দাও।

**অথবা**

কম্পোস্টিং বলতে কী বোঝো?

৩.৪ মরুস্থলী বলতে কী বোঝো?

**অথবা**

সামাজিক বনসৃজনের দুটি সুবিধা উল্লেখ করো।

৩.৫ পাঞ্জাব-হরিয়ানা অঞ্চলের কৃষি উন্নতির দুটি সুফল লেখো।

**অথবা**

ভারী ইঞ্জিনিয়ারিং শিল্পের সংজ্ঞা দাও।

৩.৬ উপগ্রহ চিত্রের সংজ্ঞা দাও।

**অথবা**

মিলিয়ন শীট বলতে কি বোঝো?

## বিভাগ — 'ঘ'

৪। সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ ৩×৪=১২

৪.১ অনুদৈর্ঘ্য বালিয়াড়ি ও তির্যক বালিয়াড়ির মধ্যে পার্থক্য লেখো।

**অথবা**

ভরা জোয়ার ও মরা জোয়ারের তুলনামূলক আলোচনা করো।

৪.২ বর্জ্য ব্যবস্থাপনার প্রয়োজনীয়তাগুলি উল্লেখ করো।

**অথবা**

ভাগিরথী-হুগলি নদীর জল বিভিন্ন বর্জ্যের দ্বারা কীভাবে দূষিত হচ্ছে?

৪.৩ ভারতের অরণ্য সংরক্ষণের তিনটি পদ্ধতি আলোচনা করো।

**অথবা**

ভারতে রেলপথ ও সড়কপথের গুরুত্বের তুলনামূলক আলোচনা করো।

৪.৪ দূর সংবেদন ব্যবস্থার গুরুত্ব আলোচনা করো।

**অথবা**

ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রের তিনটি ব্যবহার উল্লেখ করো।

## বিভাগ — 'ঙ'

**[দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয়]**

৫। ৫.১ যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৫.১.১ নদীর ক্ষয়কার্যের ফলে গঠিত তিনটি ভূমিরূপের চিত্রসহ বর্ণনা দাও।

৫.১.২ বায়ুমন্ডলে উষ্ণতার তারতম্যের তিনটি প্রধান কারণ ব্যাখ্যা করো।

৫.১.৩ শৈলোৎক্ষেপ বৃষ্টিপাত কিভাবে সংঘটিত হয় তা চিত্র ও উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো।

৫.১.৪ সমুদ্রস্রোত সৃষ্টির নিয়ন্ত্রকগুলি আলোচনা করো।

৫.২ যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৫.২.১ উত্তর ও দক্ষিণ ভারতের নদনদীর প্রাকৃতিক বৈশিষ্ট্যের পার্থক্য লেখো।

৫.২.২ ভারতে কার্পাস উৎপাদনের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বিবরণ দাও।

৫.২.৩ ভারতের পশ্চিমাঞ্চলে পেট্রোরসায়ন শিল্পের কেন্দ্রীভবনের কারণগুলি ব্যাখ্যা করো।

৫.২.৪ ভারতের জনসংখ্যার অসম বণ্টনের পাঁচটি প্রধান কারণ আলোচনা করো।

## বিভাগ — 'চ'

৬। প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও ঃ ১×১০=১০

৬.১ নীলগিরি পর্বত

৬.২ তাপ্তী নদী

৬.৩ লোক্‌টাক্‌ হ্রদ

৬.৪ একটি বৃষ্টিচ্ছায় অঞ্চল

৬.৫ মরু মৃত্তিকা অঞ্চল

৬.৬ উত্তর ভারতের একটি গম উৎপাদক অঞ্চল

৬.৭ ভারতের ম্যাঞ্চেষ্টার

৬.৮ পশ্চিমবঙ্গের একটি লৌহ-ইস্পাত শিল্পকেন্দ্র

৬.৯ দক্ষিণ ভারতের একটি আন্তর্জাতিক বিমানবন্দর

৬.১০ মুম্বই।

**অথবা**

**[ শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য ]**

৬। যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১×১০=১০

৬.১ ভারতের দক্ষিণতম স্থলবিন্দুর নাম কী?

৬.২ পূর্ব হিমালয়ের একটি গিরিপথের নাম লেখো।

৬.৩ ভারতের একটি গ্রস্ত্য উপত্যকার নাম লেখো।

৬.৪ উত্তর ভারতের দীর্ঘতম নদীর নাম লেখো।

৬.৫ ভারতের সর্ববৃহৎ উপহ্রদ কোন্‌টি?

৬.৬ ভারতের কোন্‌ মৃত্তিকা সবচেয়ে বেশি অঞ্চলে দেখা যায়?

৬.৭ সুন্দরবনে কোন জাতীয় স্বাভাবিক উদ্ভিদ দেখা যায় ?

৬.৮ ভারতের কোন্ রাজ্যে সর্বাধিক ধান উৎপন্ন হয়?

৬.৯ ভারতের প্রধান রবিশস্যের নাম কী?

৬.১০ পূর্ব ভারতের একটি লৌহ ইস্পাত শিল্পকেন্দ্রের নাম লেখো।

৬.১১ ভারতের কোন রাজ্যের জনঘনত্ব সর্বাধিক?

৬.১২ সোনালি চতুর্ভুজে অবস্থিত একটি মহানগরের নাম লেখো।

৬.১৩ ভারতের একটি ঐতিহাসিক শহরের নাম লেখো।

৬.১৪ ভারতের শুল্কমুক্ত বন্দর কোথায় অবস্থিত ?

## বিভাগ — 'ছ'

**[ শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য ]**

৭। ৭.১ যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৩=৬

৭.১.১ বাজাদার সংজ্ঞা দাও।

৭.১.২ গর্জনশীল চল্লিশা কাকে বলে ?

৭.১.৩ বান ডাকা কাকে বলে ?

৭.১.৪ কৃষিজ বর্জ্য বলতে কি বোঝায় ?

৭.২ যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

৭.২.১ ভারতের রাজ্য পুনর্গঠনের মূল ভিত্তি কি ছিল?

৭.২.২ ভারতে ব্রিয়ান কোথায় দেখা যায়?

৭.২.৩ ভূ-বৈচিত্র্যসূচক মানচিত্রে নিত্যবহ নদী কোন রং এর সাহায্যে দেখানো হয়?

৭.২.৪ ভারতের কোন শহরে প্রথম মেট্রোরেল পরিসেবা চালু হয়?

৭.২.৫ পৃথিবীর কোন জলবায়ু অঞ্চলে কেবলমাত্র শীতকালে বৃষ্টিপাত হয়?

# [ English Version ]

[Groups **'A'** to **'F'** are common for both **Regular and External** Candidates and Group **'G'** is meant only for **External** Candidates]

(All questions of Group **'A'** are compulsory.
Candidates should follow the alternatives in other groups.
Sightless Candidates will answer the alternative questions as per directive in Group **'F'**.
Others will attempt map pointing.)

## GROUP—A

1. Write the correct answer from the given alternatives :— 1×14=14

1.1 The process by which all unevenness of the earth surface are removed and bringing them to almost level or even surface is called :

(a) Denudation (b) Aggradation

(c) Gradation (d) Degradation

1.2 The process by which sands from the desert surface are lifted and swept away by wind is :

(a) Deflation (b) Abrasion

(c) Attrition (d) Saltation

1.3 The mean air pressure, at sea level is :

(a) 1012.2 mb (b) 1013.2 mb

(c) 1014.2 mb (d) 1015.2 mb

1.4 Equatorial climatic region receives rainfall :

(a) During summer (b) During spring

(c) During winter (d) All the year round

1.5 The effect of EL-Nino is observed in :

(a) Atlantic Ocean (b) Indian Ocean

(c) Pacific Ocean (d) Arctic Ocean

1.6 The time difference between primary and secondary high tide at a place is :

(a) 12 hours (b) 12 hours 26 minutes

(c) 24 hours (d) 24 hours 52 minutes

1.7 The poisonous waste from the following is :

(a) Mercury (b) Agricultural wastes

(c) Cellulose (d) Kitchen wastes

1.8 At present, the total number of States in India is :

(a) 30 (b) 29

(c) 28 (d) 27

1.9 The highest plateau of India is :

(a) Malwa plateau (b) Meghalaya plateau

(c) Telangana plateau (d) Ladakh plateau

1.10 The confluence of river Ganga and river Yamuna is located at :

(a) Kanpur (b) Allahabad

(c) Devaprayag (d) Varanasi

1.11 Rainfall occurs from western disturbances in the region of :

(a) Jammu & Kashmir (b) Tamil Nadu

(c) Kerala (d) Meghalaya

1.12 In India, the state that ranks first in coffee production is :

(a) Kerala (b) Tamil Nadu

(c) Karnataka (d) Andhra Pradesh

1.13 The largest steel plant of India under private sector is :

(a) Durgapur steel plant (b) Bhilai steel plant

(c) Salem steel plant (d) Tata Iron and Steel plant

1.14 R.F. of topographical map having number $74\frac{M}{7}$ is :

(a) 1 : 10,000 (b) 1 : 25,000

(c) 1 : 50,000 (d) 1 : 1,00,000

## GROUP—B

2. 2.1 If the statement is true, write 'T' and if false, write 'F' against the following (answer any *six*) :— 1×6=6

2.1.1 The altitude of snowline in polar region is zero meter.

2.1.2 Ozone hole is observed in Antarctica region.

2.1.3 'Chinook' is a warm wind blowing through France.

2.1.4 Syzygy occurs when moon lies at right angle to the sun in respect of the earth.

2.1.5 Purification of polluted air is done by scrubber.

2.1.6 In India, the state of Kerala leads in 'rain-water harvesting'.

2.1.7 Use of Computer is essential to explain the satellite imagery.

2.2 Fill in the blanks with suitable words (answer any *six*) :— 1×6=6

2.2.1 Funnel shaped wide river mouth is called ________.

2.2.2 The sandy desert in Sahara is known as ________.

2.2.3 The velocity of wind is measured by ________.

2.2.4 ________ current flows along the surface of the ocean.

2.2.5 In Malabar coastal plain, the lagoons are locally called ________.

2.2.6 Jowar, Bajra, Ragi are collectively called ________.

2.2.7 Indian Space Research Organization is located at ________.

2.3 Answer in ***one*** or ***two*** words (answer any ***six***) :— 1×6=6

2.3.1 Name the dry river valleys found in the desert.

2.3.2 Mention the value of relative humidity of saturated air.

2.3.3 Write the name of a famous oceanic submerged bank of the world.

2.3.4 Give an example of bio-degradable waste.

2.3.5 What is the new alluvial soil of Ganga plain called ?

2.3.6 Which state of India ranks first in tea production ?

2.3.7 According to 2011 census, what is the literacy rate of India ?

2.3.8 Which organization of India publishes topographical maps ?

2.4 Match the *Left Column* with the *Right Column* :— 1×4=4

| | ***Left Column*** | | ***Right Column*** |
|---|---|---|---|
| 2.4.1 | Kalbaishakhi | 1. | Bengaluru |
| 2.4.2 | Aravalli | 2. | Lucknow |
| 2.4.3 | Silicon Valley | 3. | West Bengal |
| 2.4.4 | Sugarcane Research Institute | 4. | Rajasthan |

## GROUP—C

3. Answer the following in brief (Alternatives should be noted) :— 2×6=12

3.1 Define water divide.

**OR**

What is "Inselberg" ?

3.2 What do you mean by "Absolute Humidity" ?

**OR**

Give the definition of "Cold Wall".

3.3 Define recycling of waste.

**OR**

What do you mean by composting ?

3.4 What is Marusthali ?

**OR**

State two benefits of social forestry.

3.5 Mention two benefits of agricultural development that have occurred in Punjab-Haryana regions.

**OR**

Define Heavy Engineering Industry.

3.6 Give the definition of "satellite imagery".

**OR**

What do you mean by "Million Sheet" ?

## GROUP—D

4. Give brief explanatory answer (Alternatives should be noted) :— $3 \times 4 = 12$

4.1 Differentiate between longitudinal dunes and transverse dunes.

**OR**

Write a comparative discussion on Spring tide and Neap tide.

4.2 State the necessities of waste management.

**OR**

How is the water of River Bhagirathi-Hugli getting polluted by different types of wastes ?

4.3 Describe three methods of forest conservation practiced in India.

**OR**

Compare the importance of rail and road transport.

4.4 State the importance of remote sensing.

**OR**

Mention three main uses of topographical maps.

## GROUP—E

**[Sketches are not essential for Sightless Candidates]**

5. 5.1 Answer any ***two*** questions from the following :— $5 \times 2 = 10$

5.1.1 Describe with sketches three landform features produced by river erosion.

5.1.2 Explain three major factors causing temperature variation in the atmosphere.

5.1.3 Give an account of Orographic Rainfall with diagram and example.

5.1.4 State the factors controlling the origin of the ocean currents.

5.2 Answer any ***two*** questions from the following :— $5 \times 2 = 10$

5.2.1 State the physical differences between north and south Indian rivers.

5.2.2 Give an account of favourable physical conditions required for cultivation of cotton.

5.2.3 Explain the reasons for the concentration of petro-chemical industry in Western India.

5.2.4 Discuss five major factors responsible for the uneven distribution of population in India.

## GROUP—F

6. Locate the following with appropriate symbols and names on the given outline map of India. Attach the map with your answer script :— $1 \times 10 = 10$

6.1 Nilgir mountain

6.2 River Tapti

6.3 Logtak lake

6.4 A rain shadow region

6.5 A region of desert soil

6.6 A wheat growing region of north India

6.7 "Manchester of India"

6.8 An iron and steel industrial center of West Bengal

6.9 An International Airport of South India

6.10 Mumbai.

**OR**

**[For Sightless Candidates Only]**

6. Answer any ***ten*** of the following questions : $1 \times 10 = 10$

6.1 Name the southern most point of India.

6.2 Mention the name of a mountain pass of Eastern Himalaya.

6.3 Name a rift valley of India.

6.4 Name the longest river of north India.

6.5 Which is the largest lagoon of India ?

6.6 Which soil of India covers maximum area ?

6.7. What type of natural vegetation is found in Sunderban ?

6.8 Name the state of India which ranks first in rice production.

6.9 What is the name of the main rabi crop of India ?

6.10 Name an iron and steel plant of eastern India.

6.11 In which state of India, population density is maximum ?

6.12 Name a metropolitan city located on "Golden Quadrilateral".

6.13 Mention the name of a historical city of India.

6.14 Where is the tax-free port of India located ?

## GROUP—G

**[For External Candidates Only]**

7. 7.1 Answer any ***three*** questions :— $2 \times 3 = 6$

7.1.1 Define bajada.

7.1.2 What do you mean by "Roaring Forties" ?

7.1.3 What is tidal bore ?

7.1.4 What do you mean by agricultural wastes ?

7.2 Answer any ***four*** questions :— $1 \times 4 = 4$

7.2.1 What is the main basis of State Re-organization in India ?

7.2.2 Where is 'Dhrian' found in India ?

7.2.3 In topographical map, which colour is used to show perennial river ?

7.2.4 In which city of India, metro-rail first started its operation ?

7.2.5 Which climatic region of the world experiences rainfall only in winter ?